

## সিডর এলাকার পরীক্ষার্থীদের কাছ থেকে নতুন করে ফি নেয়া হচ্ছে

বরিশাল অফিস

সিডর ক্ষতিগ্রস্ত এলাকায় ফি মওকুফ করার পর আবার নতুন করে বর্ধিত ফি নেয়া হচ্ছে এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে। সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের এক ঘোষণার পর নতুন করে শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরীক্ষার্থীদের কাছ থেকে ফি নেয়া শুরু করেছে। এ ব্যাপারে শিক্ষা বোর্ড ও প্রতিষ্ঠানগুলো ভিন্ন ভিন্ন বক্তব্য দিচ্ছে। হ্যারিকেন সিডর উপকূল লঘুভণ্ড কথার পর সরকার সেবানকার এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থীদের ফি মওকুফ করে। ফলে শিক্ষা প্রতিষ্ঠানগুলো জমা নেয়া ফি ফেরত দিয়েছিল। সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় শুধু বোর্ড ফি মওকুফ করার ঘোষণা দিলে শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরীক্ষার্থীদের কাছ থেকে নতুন করে ফি নেয়া শুরু করে। এতে একে একটি প্রতিষ্ঠান ভিন্ন ভিন্ন হয়ে ফি আদায় করেছে। আদায়কৃত ফির পরিমাণ ১৬৫ থেকে ১১০০ টাকা। খোজ নিয়ে জানা গেছে, বরিশালের সরকারি বিদ্যালয়ে ২০০ টাকা থেকে ৩৫০ টাকা পর্যন্ত নেয়া হচ্ছে। বেসরকারি প্রতিষ্ঠানগুলো আদায় করছে ১ হাজারের বেশি টাকা। এ ব্যাপারে নগরীর

সদর গার্লস স্কুলের প্রধান শিক্ষিকা জানান, বোর্ড থেকে সেন্টার ফি নেয়ার সার্কুলার দেয়া হলে তারা পরীক্ষার্থী ছাত্রীদের কাছ থেকে নতুন ধার্য করা ফি নিচ্ছেন। অপরদিকে নগরীর কাশিপুর হাইস্কুল অ্যান্ড কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের কাছ থেকে ১১ শ' টাকা হারে আদায় করেছে। বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের কন্ট্রোলার শাহ মোঃ আলমগীর জানান, শুধু বোর্ড ফি মওকুফ করার কথা উল্লেখ করে শিক্ষা মন্ত্রণালয় বোর্ডের চিঠি আমরা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে পাঠিয়ে দিয়েছি। এ ক্ষেত্রে সেন্টার ফি, প্রাকটিক্যাল পরীক্ষা ছাড়া ১৬৫ টাকা এবং প্রাকটিক্যাল পরীক্ষাসহ ২০০ টাকা ধার্য করা হয়েছে। বোর্ড কন্ট্রোলার জানান, তিনি কাশিপুর হাইস্কুল অ্যান্ড কলেজে ১১ শত টাকা হারে ফি নেয়ার বিষয়টি অবহিত হয়ে ওই শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে বোর্ডে ডলব করেছিলেন। অতিরিক্ত ফি নেয়ার ব্যাপারে প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির অনুমোদন রয়েছে বলে তারা বোর্ড কর্তৃপক্ষকে জানিয়েছে। ফলে এ ব্যাপারে শিক্ষা বোর্ডের বেশি কিছু করণীয় নেই বলে কন্ট্রোলার জানান।